

যেসব বিদেশি মেডিক্যাল শিক্ষার্থী বাংলাদেশ থেকে এমবিবিএস পাঠ শেষ করে ইন্টার্নশিপ শেষ করেছেন, তারা বাংলাদেশে প্র্যাকটিস করতে (রোগীর চিকিৎসা দিতে) পারবেন না। বাংলাদেশ মেডিক্যাল অ্যান্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) এ তথ্য নিশ্চিত করেছে। গতকাল রবিবার বিএমডিসির রেজিস্ট্রার ডা. আরমান হোসেন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়েছে, যেসব বিদেশি মেডিক্যাল শিক্ষার্থী বাংলাদেশ

থেকে এমবিবিএস পাঠ শেষ করে ইন্টার্নশিপ করেন, যা প্রকৃতপক্ষে ছয় বছরের কোর্স। ইন্টার্নশিপ শেষ করার পর তাদের আবেদনের পরিপ্রেক্ষিতে বিএমডিসি তাদের রেজিস্ট্রেশন প্রদান করে। কিন্তু তাদের বাংলাদেশে প্র্যাকটিস করার অনুমতি দেওয়া হয়নি। বিষয়টি তাদের নিবন্ধন সনদেও লেখা আছে। কাউন্সিলের বিদ্যমান আইন অনুযায়ী বিদেশি মেডিক্যাল গ্র্যাজুয়েটদের বাংলাদেশে প্র্যাকটিসের অনুমোদন নেই। এ ব্যাপারে বিএমডিসির রেজিস্ট্রার ডা. আরমান

হোসেন বলেন, এ বিষয়টি ২০০৫ সাল থেকে কার্যকর আছে। নতুন কোনো বিষয় নয়। তবে সবার জ্ঞাতার্থে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।